গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক, ডিজিটাল নিরাপত্তা এজেন্সি

এবং

সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ: ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়-

এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২২ - জুন ৩০, ২০২৩

## সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৩

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৪

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৫

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৬

## দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Department/Organization)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

বাংলাদেশের জন্য একটি নিরাপদ সাইবার স্পেস প্রতিষ্ঠার লক্ষ্যে 'ডিজিটাল নিরাপত্তা আইন, ২০১৮' এর ধারা-৫ অনুযায়ী 'ডিজিটাল নিরাপত্তা এজেন্সি' গঠিত হয়েছে। উক্ত আইনের আওতায় ইতোমধ্যে 'ডিজিটাল নিরাপত্তা বিধিমালা, ২০২০' প্রণয়ন করা হয়েছে। এজেন্সি'র জনবল কাঠামো প্রণয়ন করা হয়েছে এবং অর্থ বিভাগ হতে ১২০ টি জনবলের সম্মতি পাওয়া গেছে। এজেন্সি'র অধীনে 'বিজিডি ই-গভ সার্ট' ন্যাশনাল সার্ট হিসেবে দায়িত্ব পালন করছে, যার মাধ্যমে ৩ টি গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামোর আইটি অডিট সম্পন্ন হয়েছে। সাইবার নিরাপত্তা সংক্রান্ত জনগণকে প্রাথমিক সহায়তা ও পরামর্শ প্রদানের লক্ষ্যে ৩৩৩ এবং ১০৪ শর্টকোডের মাধ্যমে ডিজিটাল নিরাপত্তা হেল্প-ডেস্ক চালু করা হয়েছে। সাইবার নিরাপত্তায় দক্ষতা বৃদ্ধিতে 'মুক্তপাঠ' অনলাইন প্ল্যাটফর্মে ডিজিটাল নিরাপত্তা বিষয়ক অনলাইন কোর্স চালু করা হয়েছে, যার মাধ্যমে কোর্সটিতে প্রায় ৬৫ হাজার শিক্ষার্থী নিবন্ধিত হয়েছে। সাইবার নিরাপত্তায় সক্ষমতা বৃদ্ধিতে ন্যাশনাল সাইবার ড্রিল আয়োজন করা হয়েছে। মুজিববর্ষ উপলক্ষ্যে স্কুল/কলেজ/বিশ্ববিদ্যালয় পর্যায়ের শিক্ষক/শিক্ষার্থী এবং সরকারি/বেসরকারি পর্যায়ের কর্মকর্তাদের নিয়ে ১৬ টি সেমিনার/কর্মশালা আয়োজন করা হয়েছে। সামাজিক যোগাযোগ মাধ্যমে মিথ্যা, গুজব ইত্যাদি বিষয়ে সচেতনতা বৃদ্ধিতে এলআইসিটি প্রকল্পের সাথে যৌথভাবে "আসল চিনি" ক্যাম্পেইনের মাধ্যমে প্রায় ৭০ লক্ষ জনকে সচেতন করা হয়েছে। 'ক্লাউড কম্পিউটিং পলিসি' (খসড়া), গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামোর জন্য ডিজিটাল নিরাপত্তা সুরক্ষা গাইডলাইন (খসড়া), ডিজিটাল ফরেনসিক ল্যাব স্থাপন ও পরিচালনা সংক্রান্ত গাইডলাইন (খসড়া), সাইবার সিকিউরিটি স্ট্র্যাটেজি ২০২১-২০২৫ (খসড়া) প্রণয়ন করা হয়েছে। সমসাময়িক সাইবার থ্রেট সম্পর্কে বাংলাদেশ সাইবার থ্রেট ল্যান্ডস্কেপ ২০২১ প্রতিবেদন প্রকাশ করা হয়েছে। বাংলাদেশ ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহকে পিসিআই-ডিএসএস এবং আইএসও ২৭০০০ সার্টিফিকেশন অর্জনে নিয়মিত পরামর্শ ও সহযোগিতা প্রদান করা হচ্ছে। সাইবার নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে রিস্ক এনালাইসিস, থ্রেট ডিটেকশন, আইটি অডিট, পেনিট্রেশন টেস্ট নিয়মিত পরিচালনা করা হচ্ছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

সাংগঠনিক কাঠামো অনুমোদন; পর্যাপ্ত ডিজিটাল অবকাঠামো তৈরিসহ সাইবার হামলা প্রতিহত করা; গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামোসমূহের সাইবার নিরাপত্তা নিশ্চিত করা; সাইবার নিরাপত্তা নিশ্চিতকরণে জনগণের সচেতনতা।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

এজেন্সি'র সাংগঠনিক কাঠামো অনুমোদন ও জনবল নিয়োগ, আন্তর্জাতিক মানের সুবিধা সম্পন্ন এজেন্সি'র ভবন নির্মাণ; জাতীয় কম্পিউটার ইমার্জেন্সি রেসপন্স টিম গঠন; জাতীয় ফরেনসিক ল্যাব প্রতিষ্ঠা এবং অন্যান্য ফরেনসিক ল্যাবের অনুমোদন কার্যক্রম গ্রহণ; ন্যাশনাল সিকিউরিটি অপারেশন সেন্টার এবং মনিটরিং প্ল্যাটফর্ম স্থাপন; ফরেনসিক ল্যাবসমূহ অনুমোদনের কার্যক্রম গ্রহণ; সকল গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামোসমূহে আইটি অডিট সম্পন্ন করা; সাইবার নিরাপত্তা বিশেষজ্ঞ তৈরির জন্য Certified কোর্স চালুকরণ; কর্মকর্তাগণের জন্য সাইবার নিরাপত্তা বিষয়ক প্রশিক্ষণ আয়োজন; দেশব্যাপী সরকারি-বেসরকারি পর্যায়ের কর্মকর্তা/কর্মচারী, স্কুল/কলেজ/বিশ্ববিদ্যালয় পর্যায়ের শিক্ষার্থীদের জন্য সাইবার সচেতনতামূলক কার্যক্রম আয়োজন, আন্তর্জাতিক সহযোগিতার জন্য বিভিন্ন দেশের সাথে সমঝোতা স্মারক ও চুক্তি সম্পাদন করা।

**২০২২-২৩ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামোর মধ্য হতে ৩ টি আইটি অডিট সম্পন্ন করা;
- ডিজিটাল নিরাপত্তা এজেন্সি কার্যালয় নির্মাণের জন্য প্রকল্প গ্রহণের লক্ষ্যে ডিপিপি প্রণয়ন;
- বাংলাদেশ সাইবার থ্রেট ল্যান্ডস্কেপ প্রতিবেদন প্রণয়ন;
- সাইবার নিরাপত্তা সচেতনতা বিষয়ক সেমিনার/কর্মশালা আয়োজন;
- 'উপাত্ত সুরক্ষা আইন, ২০২২' (খসড়া) এর বাংলা ভার্সন আইসিটি বিভাগে প্রেরণ;
- সাইবার নিরাপত্তা বিষয়ে দক্ষ জনবল তৈরির জন্য প্রশিক্ষণ আয়োজন।

## প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

মহাপরিচালক, ডিজিটাল নিরাপত্তা এজেন্সি

এবং

সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ: ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়-এর মধ্যে ২০২২ সালের ....জুন.... মাসের ....১৫.... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

বাংলাদেশের জন্য একটি নিরাপদ সাইবার স্পেস।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

জাতীয় নিরাপত্তা, ডিজিটাল অর্থনীতিকে শক্তিশালী করা এবং ডিজিটাল জীবনযাত্রাকে সুরক্ষার মাধ্যমে নিরাপদ সাইবার স্পেস প্রতিষ্ঠা করা।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র

১. ডিজিটাল নিরাপত্তাসেবা প্রদানে পরিকাঠামোগত সুবিধা সৃষ্টি;
২. ডিজিটাল নিরাপত্তায় সেবা প্রদান;
৩. ডিজিটাল নিরাপত্তায় জনসচেতনতা বৃদ্ধি।

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. জাতীয় নিরাপত্তা, বহিঃসম্পর্ক, জনস্বাস্থ্য, জনশৃঙ্খলা বা প্রয়োজনীয় ও অপরিহার্য সেবার ক্ষেত্রে ডিজিটাল নিরাপত্তা বিঘ্নিত হইবার হুমকি পরিলক্ষিত হইলে প্রতিকারের সক্রিয় ব্যবস্থা গ্রহণ;
২. ডিজিটাল নিরাপত্তা সেবার ব্যবস্থা প্রবর্তন এবং উহার পরিচালন, রক্ষণাবেক্ষণ, পরিবীক্ষণ ও নিয়ন্ত্রণ এবং ডিজিটাল নিরাপত্তা সেবা প্রদান নিশ্চিত করিবার লক্ষ্যে উক্ত সেবা প্রদানকারীগণের মধ্যে পারস্পরিক সহযোগিতামূলক পরিস্থিতি বজায় রাখা ও উহাতে উৎসাহ প্রদান;
৩. এজেন্সি কর্তৃক নির্ধারিত মান অনুসারে ডিজিটাল নিরাপত্তা সেবা প্রদান করা হইতেছে কিনা উহা পরিবীক্ষণের ব্যবস্থা গ্রহণ;
৪. দেশে ডিজিটাল ডিভাইস এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে সংঘটিত অপরাধ দমন সংক্রান্ত কার্যক্রমের সমন্বয়;
৫. ডিজিটাল নিরাপত্তা বিষয়ক অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক হুমকির উৎস পর্যবেক্ষণ এবং উক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সতর্কীকরণ ও প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ;
৬. ডিজিটাল নিরাপত্তা সেবা প্রদান সংক্রান্ত শিল্পের প্রসার ও উন্নয়নের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ এবং উক্ত শিল্পে জড়িত ব্যক্তির দক্ষতা ও পেশাগত মান উন্নয়নে প্রয়োজনীয় সহায়তা প্রদান;
৭. বাংলাদেশ ও বহির্বিশ্ব হইতে ডিজিটাল নিরাপত্তা সংক্রান্ত তথ্য সংগ্রহক্রমে বাংলাদেশে উহার প্রভাব সম্পর্কে পর্যালোচনা করা ও তদানুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সরকারের নিকট সুপারিশ প্রেরণ;
৮. বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও গবেষণা প্রতিষ্ঠানের সহিত জাতীয় অর্থনীতির বিভিন্ন খাতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির নিরাপত্তা নিশ্চিতকরণ;
৯. ডিজিটাল নিরাপত্তা সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ, কর্মশালা ও সেমিনারের আয়োজনসহ জনসচেতনতামূলক কার্যক্রম গ্রহণ;
১০. ডিজিটাল নিরাপত্তার দুর্বলতা, ডিজিটাল নিরাপত্তা লঙ্ঘন ও ক্ষতিকারক ক্রিয়াকলাপ সম্পর্কে অনুসন্ধান।

## সেকশন ২

## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা ২০২২-২৩ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৩-২০২৪ | ২০২৪-২০২৫ | | |
| ডিজিটাল নিরাপত্তায় পরিকাঠামোগত সুবিধা বৃদ্ধি | প্রণীত আইন/বিধি/গাইডলাইন/এসওপি এর খসড়া | সংখ্যা | | ১ | ২ | ২ | ২ | আইসিটি বিভাগ, জাতীয় সংসদ ও লেজিসলেটিভ বিভাগ | ডিজিটাল নিরাপত্তা এজেন্সি এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এর ওয়েবসাইটে প্রকাশ |
| ন্যাশনাল সাইবার সিকিউরিটি ইনডেক্সে র‍্যাঙ্কিং উন্নয়ন | র‍্যাঙ্কিং ধাপে উন্নীত | র‍্যাঙ্কিং অবস্থান | | ৩৩ | ৩০ | ২৫ | ২০ | আইসিটি বিভাগ, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ | ন্যাশনাল সাইবার সিকিউরিটি ইনডেক্স https://ncsi.ega.ee/country/bd/ |
| ডিজিটাল নিরাপত্তায় সচেতনতা বৃদ্ধি | সুবিধাভোগী (ক্রমপুঞ্জিভূত) | সংখ্যা | | ৬০,০০০ | ৬৪,০০০ | ৭০,০০০ | ৭৫,০০০ | আইসিটি বিভাগ ও এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ | ডিজিটাল নিরাপত্তা এজেন্সির বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রকাশনা |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩
# কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] ডিজিটাল নিরাপত্তাসেবা প্রদানে পরিকাঠামোগত সুবিধা সৃষ্টি; | ২৫ | [১.১] আইটি অডিট পরিচালনা | [১.১.১] আইটি অডিট সম্পন্নকৃত | সমষ্টি | সংখ্যা | ৬ | ২ | ২ | ৩ | ২ | ১ | | | ৪ | ৫ |
| | | [১.২] ডিজিটাল নিরাপত্তা এজেন্সি'র ভবন নির্মাণের জন্য প্রকল্প গ্রহণের লক্ষ্যে ডিপিপি আইসিটি বিভাগে প্রেরণ | [১.২.১] ডিপিপি প্রেরিত | তারিখ | তারিখ | ৬ | | | ২২.০৩.২৩ | ৩১.০৩.২৩ | ১৬.০৪.২৩ | ১৫.০৫.২৩ | ৩১.০৫.২৩ | | |
| | | [১.৩] ক্লাউড কম্পিউটিং নীতিমালার খসড়া আইসিটি বিভাগে প্রেরণ | [১.৩.১] খসড়া নীতিমালা প্রেরিত | তারিখ | তারিখ | ৬ | | | ১০.০৪.২৩ | ১০.০৫.২৩ | ৩১.০৫.২৩ | ১৫.০৬.২৩ | ২৮.০৬.২৩ | | |
| | | [১.৪] 'জাতীয় ডিজিটাল ফরেনসিক ল্যাব স্থাপন, ব্যবহার ও পরিচালনা' সংক্রান্ত খসড়া গাইডলাইন আইসিটি বিভাগে প্রেরণ | [১.৪.১] খসড়া গাইডলাইন প্রেরিত | তারিখ | তারিখ | ৭ | | | ৩০.০৩.২৩ | ০৫.০৬.২৩ | ১৫.০৬.২৩ | ২৫.০৬.২৩ | | | |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [২] ডিজিটাল নিরাপত্তায় সেবা প্রদান; | ২৫ | [২.১] সাইবার নিরাপত্তায় হেল্পডেস্ক এর মাধ্যমে প্রযুক্তিগত পরামর্শ প্রদান | [২.১.১] পরামর্শ প্রদানকৃত | সমষ্টি | সংখ্যা | ৯ | | ১৫০০০ | ২০০০০ | ১৫০০০ | ১০০০০ | ৮০০০ | ৫০০০ | ২২০০০ | ২৫০০০ |
| | | [২.২] সাইবার নিরাপত্তা এবং ইমার্জিং টেকনোলজি বিষয়ে ডিএসএ এর ওয়েবসাইটে নিবন্ধ প্রকাশ | [২.২.১] নিবন্ধ প্রকাশিত | সমষ্টি | সংখ্যা | ৮ | | ৪ | ৪ | ৩ | ২ | ১ | | ৫ | ৬ |
| | | [২.৩] বাংলাদেশের সাইবার থ্রেট সম্পর্কে বাৎসরিক প্রতিবেদন প্রণয়ন | [২.৩.১] প্রতিবেদন প্রণীত | তারিখ | তারিখ | ৮ | | ৩০.১২.২১ | ৩১.০৩.২৩ | ১৫.০৪.২৩ | ৩০.০৪.২৩ | ১৫.০৫.২৩ | ৩০.০৬.২৩ | | |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [৩] ডিজিটাল নিরাপত্তায় জনসচেতনতা বৃদ্ধি। | ২০ | [৩.১] সাইবার নিরাপত্তা সচেতনতা বিষয়ক সেমিনার/কর্মশালা আয়োজন | [৩.১.১] সেমিনার/কর্মশালা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ৪ | | ৮ | ১০ | ৮ | ৫ | ৪ | ২ | ১২ | ১৫ |
| | | [৩.২] সাইবার ড্রিল প্রতিযোগিতা আয়োজন | [৩.২.১] প্রতিযোগিতা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ৪ | | ১ | ১ | | | | | | |
| | | [৩.৩] সাইবার নিরাপত্তায় দক্ষতা বৃদ্ধিতে প্রশিক্ষণ প্রদান | [৩.৩.১] প্রশিক্ষণার্থী | সমষ্টি | সংখ্যা | ৪ | | ১০০০০ | ১০৫০০ | ৯০০০ | ৮০০০ | ৬০০০ | ৫০০০ | | |
| | | [৩.৪] অভ্যন্তরীণ কর্মকর্তাদের দক্ষতা উন্নয়নে রিসার্চ/স্টাডি কার্যক্রম পরিচালনা | [৩.৪.১] রিসার্চ/স্টাডি কার্যক্রম পরিচালিত | সমষ্টি | সংখ্যা | ৪ | | ১ | ১ | | | | | | |
| | | [৩.৫] অভ্যন্তরীণ কর্মকর্তাদের জন্য চতুর্থ শিল্প বিপ্লবের সাথে সম্পর্কিত ইমার্জিং টেকনোলজিসমূহ নিয়ে লার্নিং সেশন হিসেবে সভা/সেমিনার/কর্মশালা আয়োজন | [৩.৫.১] সভা/সেমিনার/কর্মশালা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ৪ | | ২ | ২ | ১ | | | | | |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, মহাপরিচালক, ডিজিটাল নিরাপত্তা এজেন্সি, সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ: ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ: ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় হিসাবে মহাপরিচালক, ডিজিটাল নিরাপত্তা এজেন্সি-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

১৫/০৬/2022

মহাপরিচালক
ডিজিটাল নিরাপত্তা এজেন্সি

তারিখ

১৫-০৬-২০২২

সিনিয়র সচিব
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ: ডাক,
টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়

তারিখ

# সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | আইটি | ইনফরমেশন টেকনোলজি |
| ২ | আইসিটি | ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি |
| ৩ | এসওপি | স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর |
| ৪ | ডিএসএ | ডিজিটাল সিকিউরিটি এজেন্সি |
| ৫ | ডিপিপি | ডেভেলপমেন্ট প্রজেক্ট প্রপোজাল |
| ৬ | বিসিসি | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল |
| ৭ | সক | সিকিউরিটি অপারেশন সেন্টার |
| ৮ | সিআইআই | ক্রিটিক্যাল ইনফরমেশন ইনফ্রাস্ট্রাকচার |
| ৯ | সিআইআরটি | কম্পিউটার ইন্সিডেন্স রেসপন্স টিম |
| ১০ | সিইআরটি | কম্পিউটার ইমার্জেন্সি রেসপন্স টিম |
| ১১ | সিসক | সাইবার সিকিউরিটি অপারেশন সেন্টার |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] আইটি অডিট পরিচালনা | [১.১.১] আইটি অডিট সম্পন্নকৃত | অপারেশন অনুবিভাগ, পরিকল্পনা ও উন্নয়ন শাখা | অডিট সম্পন্নকৃত প্রতিষ্ঠানসমূহের তালিকা এবং অডিট প্রতিবেদন প্রেরণের পত্র |
| [১.২] ডিজিটাল নিরাপত্তা এজেন্সি'র ভবন নির্মাণের জন্য প্রকল্প গ্রহণের লক্ষ্যে ডিপিপি আইসিটি বিভাগে প্রেরণ | [১.২.১] ডিপিপি প্রেরিত | অপারেশন অনুবিভাগ, পরিকল্পনা ও উন্নয়ন শাখা | ডিপিপি প্রেরণের পত্র |
| [১.৩] ক্লাউড কম্পিউটিং নীতিমালার খসড়া আইসিটি বিভাগে প্রেরণ | [১.৩.১] খসড়া নীতিমালা প্রেরিত | অপারেশন অনুবিভাগ, আইন ও পলিসি শাখা | খসড়া নীতিমালা দাখিলের পত্র |
| [১.৪] 'জাতীয় ডিজিটাল ফরেনসিক ল্যাব স্থাপন, ব্যবহার ও পরিচালনা' সংক্রান্ত খসড়া গাইডলাইন আইসিটি বিভাগে প্রেরণ | [১.৪.১] খসড়া গাইডলাইন প্রেরিত | অপারেশন অনুবিভাগ, আইন ও পলিসি শাখা | খসড়া গাইডলাইন দাখিলের পত্র |
| [২.১] সাইবার নিরাপত্তায় হেল্পডেস্ক এর মাধ্যমে প্রযুক্তিগত পরামর্শ প্রদান | [২.১.১] পরামর্শ প্রদানকৃত | অপারেশন অনুবিভাগ, পরিকল্পনা ও উন্নয়ন শাখা | হেল্পডেস্ক সংক্রান্ত প্রতিবেদন |
| [২.২] সাইবার নিরাপত্তা এবং ইমার্জিং টেকনোলজি বিষয়ে ডিএসএ এর ওয়েবসাইটে নিবন্ধ প্রকাশ | [২.২.১] নিবন্ধ প্রকাশিত | প্রশাসন শাখা, আইন ও পলিসি শাখা, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, সেবা শাখা | প্রকাশিত নিবন্ধ |
| [২.৩] বাংলাদেশের সাইবার থ্রেট সম্পর্কে বাৎসরিক প্রতিবেদন প্রণয়ন | [২.৩.১] প্রতিবেদন প্রণীত | অপারেশন অনুবিভাগ, আইন ও পলিসি শাখা | প্রণীত প্রতিবেদন এর কপি |
| [৩.১] সাইবার নিরাপত্তা সচেতনতা বিষয়ক সেমিনার/কর্মশালা আয়োজন | [৩.১.১] সেমিনার/কর্মশালা আয়োজিত | প্রশাসন অনুবিভাগ, পরিকল্পনা ও উন্নয়ন শাখা | সেমিনার/কর্মশালা সংক্রান্ত প্রতিবেদন |
| [৩.২] সাইবার ড্রিল প্রতিযোগিতা আয়োজন | [৩.২.১] প্রতিযোগিতা আয়োজিত | অপারেশন অনুবিভাগ, প্রশাসন শাখা | আয়জিত প্রতিযোগিতা সংক্রান্ত প্রতিবেদন |
| [৩.৩] সাইবার নিরাপত্তায় দক্ষতা বৃদ্ধিতে প্রশিক্ষণ প্রদান | [৩.৩.১] প্রশিক্ষণার্থী | প্রশাসন অনুবিভাগ, প্রশিক্ষণ শাখা | প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য |
| [৩.৪] অভ্যন্তরীণ কর্মকর্তাদের দক্ষতা উন্নয়নে রিসার্চ/স্টাডি কার্যক্রম পরিচালনা | [৩.৪.১] রিসার্চ/স্টাডি কার্যক্রম পরিচালিত | প্রশাসন অনুবিভাগ, প্রশাসন শাখা | পরিচালিত রিসার্চ/স্টাডি কার্যক্রম |
| [৩.৫] অভ্যন্তরীণ কর্মকর্তাদের জন্য চতুর্থ শিল্প বিপ্লবের সাথে সম্পর্কিত ইমার্জিং টেকনোলজিসমূহ নিয়ে লার্নিং সেশন হিসেবে সভা/সেমিনার/কর্মশালা আয়োজন | [৩.৫.১] সভা/সেমিনার/কর্মশালা আয়োজিত | প্রশাসন অনুবিভাগ, পরিকল্পনা ও উন্নয়ন শাখা | সভার কার্যবিবরণী/সেমিনার/কর্মশালা সংক্রান্ত প্রতিবেদন |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|

## সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ